# গল্পটা কী?

(প্রতিনিধিত্বকারী অল্পবয়স্কদের সিরাম পরীক্ষা)

এই তথ্য www.whatsthestory.org.uk ওয়েবসাইটে নিম্নলিখিত ভাষায় পাওয়া যাবে:

ਪੰਜਾਬੀ (Punjabi)

زبان اردو(Urdu)

Française (French)

Portugues (Portuguese)

Español (Spanish)

नेपाल (Nepalese)

عربى (Arabic)

বাঙালি (বাংলা)

Somali

فارسی (Farsi)

প্রিয় মা বাবা/আইনী অভিভাবক

গল্পটা কী? দল ইংল্যান্ডে সংক্রামক রোগের বিরুদ্ধে রোগ প্রতিরোধ ক্ষমতার স্তর দেখার জন্য একটি জাতীয় অধ্যয়নে অংশগ্রহণ করার জন্য আপনার সন্তানকে আমন্ত্রণ জানাচ্ছে। এই অধ্যয়নটি পাবলিক হেল্থ ইংল্যান্ড, দি NHS, দি ইউনিভার্সিটি অফ অক্সফোর্ড অ্যান্ড শেফিল্ড চিল্ড্রেন্স হসপিটাল NHS ট্রাস্ট, ব্র্যাডফোর্ড টিচিং হসপিটালস NHS ফাউন্ডেশন ট্রাস্ট, লীডস টিচিং হসপিটালস NHS ট্রাস্ট, ইউনিভার্সিটি হসপিটালস ব্রিস্টল NHS ফাউন্ডেশন ট্রাস্ট, ইউনিভার্সিটি অফ সাউদাম্পটন NHS ফাউন্ডেশন ট্রাস্ট, রয়্যাল ম্যানচেস্টার চিল্ড্রেনস হসপিটাল - ম্যানচেস্টার ইউনিভার্সিটি NHS ফাউন্ডেশন ট্রাস্ট, সেন্ট জর্জেস ইউনিভার্সিটি হসপিটাল NHS ট্রাস্ট, ইউনিভার্সিটি অফ নটিংহ্যাম হেলথ সার্ভিস, এবং ইউনিভার্সিটি হসপিটালস প্লাইমাউথ NHS ট্রাস্ট এর মধ্যে একটি সহযোগিতা। আপনি অংশ নিতে চাইবেন কিনা সেই সিদ্ধান্ত নেওয়ার আগে আপনার পক্ষে এটা বোঝা জরুরি যে কী কী বিষয় জড়িত আছে। অনুগ্রহ করে এই পুস্তিকাটির তথ্য সতর্কভাবে পড়ুন। আপনার কোনো প্রশ্ন থাকলে অনুগ্রহ করে আপনার স্থানীয় কেন্দ্রের ফোন নম্বরে ফোন করে অধ্যয়ন দলকে জিজ্ঞাসা করুন অথবা ওয়েবসাইটে দেওয়া ইমেলে ইমেল করুন।

## আমার শিশুকে কেন অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হয়েছে?

আমরা এই অধ্যয়নে অংশ নেওয়ার জন্য জন্ম থেকে 24 বছরের মধ্যবর্তী বয়সের শিশু ও অল্পবয়সী প্রাপ্তবয়স্ক মানুষদের আমন্ত্রণ জানাচ্ছি। আপনার সাথে যোগাযোগ করা হয়েছে কারণ আপনার সন্তানের বয়স অধ্যয়নের বয়সের পরিসরের মধ্যে রয়েছে এবং আপনি অধ্যয়নের অঞ্চলের মধ্যে থাকেন। আপনি ডাকযোগে এই আমন্ত্রণটি পেয়ে থাকলে সেটি হয় আপনাকে ন্যাশনাল হেলথ অ্যাপ্লিকেশন অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার সার্ভিসেস (এনএইচএআইএস, NHAIS) যাদের কাছে কেন্দ্রীয় এনএইচএস রোগীর ডেটাবেস থাকে, বা দ্যা চাইল্ড হেলথ

ইনফরমেশন সার্ভিস, একটি একইরকম NHS ডেটাবেস বা আপনার জিপি সার্জারি পাঠিয়েছে। অনুগ্রহ করে নোট করবেন যে গল্পটা কী? দল আপনার নাম বা ঠিকানা দেয়নি।

## এই অধ্যয়নটি কী বিষয়ে?

এই গবেষণা সমীক্ষার লক্ষ্য হল ইংল্যান্ডে সংক্রামক রোগের গল্পটি বুঝতে সাহায্য করা। সংক্রামক রোগগুলির বিরুদ্ধে প্রতিরোধ ক্ষমতা গড়ে তোলার একটি অন্যতম উপায় হলো আমাদের শরীরে অ্যান্টিবডিগুলি তৈরি করা, তা হতে পারে কোনো সংক্রমণের পরে অথবা টিকাদানের পরে। আমরা কতটা ভালোভাবে ওই সংক্রামক রোগগুলি থেকে সুরক্ষিত তা দেখে আমরা অ্যান্টিবডিগুলির মাত্রা নির্ধারণ করতে পারি।

এটা করার জন্য আমরা ইংল্যান্ড ব্যাপী নির্বাচিত 0-24 বছর বয়সী মানুষদের থেকে রক্তের নমুনা সংগ্রহ করে বিকাশের জন্য পাবলিক হেলথ ইংল্যান্ডের সঙ্গে কাজ করছি। আনুমানিক 3500 জন পর্যন্ত অংশগ্রহণকারী থাকবেন।

শুরুতেই আমরা COVID-19, গ্রুপ সি মেনিঞ্জোকক্কাস (মেনসি) এবং ডিপথেরিয়ার দিকে নজর দিয়েছি। COVID-19 এর মতো সংক্রামক রোগগুলির বিরুদ্ধে অ্যান্টিবডিগুলির অধ্যয়ন করে আমরা বলতে পারি কত সংখ্যক জনগণ এই রোগের সংস্পর্শে এসেছে। পাবলিক হেলথ ইংল্যান্ড এবং জরুরি পরিস্থিতির জন্য বৈজ্ঞানিক উপদেষ্টা দল (Scientific Advisory Group for Emergencies, SAGE) কীভাবে COVID-19 বিশ্বমারীর বর্তমান এবং ভবিষ্যতের আঘাত সামলাবে তার পক্ষে সিদ্ধান্তগুলি নিতে এই তথ্য সাহায্য করবে।

আমরা সক্রিয়ভাবে সেই ব্যক্তিদের খুঁজছি **না** যাদের COVID-19 হয়েছে অথবা সন্দেহ করা হচ্ছে, তার বদলে আমাদের সাধারণ জনগণের আপাত পরিস্থিতির একটি দ্রুত চিত্র চাই। টেস্টটি সঙ্গে সঙ্গে টেস্টের ফলাফল দেবে না এবং *এটি জেনে রাখা গুরুত্বপূর্ণ যে, আমরা প্রত্যেক অংশগ্রহণকারীকে (বা তাদের পরিবারবর্গকে) আলাদা আলাদা ভাবে তাদের ল্যাবরেটরি টেস্টের ফলাফলগুলি দেব না।* এই অধ্যয়নটিকে যথাসম্ভব নির্ভুল করার জন্য এটা একটা গুরুত্বপূর্ণ ব্যবস্থা যেহেতু বহু সংখ্যক মানুষ, যারা মনে করছেন যে তারা, বা তাদের সন্তানদের COVID-19 হয়ে থাকতে পারে এবং 'পরীক্ষা করাতে চান', তাদের আমরা নিয়োগ করতে চাই না। এটি আমাদেরকে COVID-19 এর বিস্তৃতি এবং সামগ্রিকভাবে জনসাধারণের মধ্যে এই ভাইরাসের রোগ প্রতিরোধ ক্ষমতা সম্বন্ধে অনুপযুক্ত তথ্য প্রদান করবে।

MenC, ডিপথেরিয়ার বিরুদ্ধে কার্যকর অ্যান্টিবডিগুলির চর্চা আমাদের বুঝতে সাহায্য করবে যে বর্তমান টিকাকরণ কর্মসূচিটি কতটা ভালভাবে কাজ করছে এবং নির্দিষ্টভাবে এমন কোনো বয়সের গোষ্ঠী বা জনসংখ্যা আছে কিনা যাদের সুরক্ষার মাত্রায় পার্থক্য হচ্ছে।

## নোভেল করোনাভাইরাস (COVID-19) কী?

নোভেল করোনাভাইরাস (COVID-19) মানব সমাজে একটি নতুন ভাইরাস। করোনাভাইরাসগুলি ভাইরাসের একটি বড় পরিবার যেটি সর্দিকাশি হওয়ার উপসর্গ এবং অন্যান্য আরো গুরুতর সংক্রমণ হওয়ার উপসর্গগুলির সাথে সাদৃশ্যপূর্ণ। করোনাভাইরাস মূলত কাশি বা হাঁচির ফলে হওয়া বেশি পরিমাণে থুতুর থেকে ছড়িয়ে পরে। এই ভাইরাস থাকা সবার উপসর্গ দেখা যাবে না।

## মেনিঞ্জোকক্কাল গ্রুপ সি কী?

মেনসি রোগটি গ্রুপ সি মেনিঞ্জোকক্কাল ব্যাক্টেরিয়ার সংক্রমণের কারণে ঘটে। মেনসির কারণে মেনিঞ্জাইটিস হতে পারে, যা মস্তিষ্কের আস্তরণের একটি প্রদাহ বা স্ফীতি, এবং সেপসিস। মেনিনজাইটিস এবং সেপসিস, দুটিই

গুরুতর রোগ যার ফলে প্রাণহানির আশঙ্কা থাকে। MenC টিকা আসার পর থেকে সকল বয়সের মানুষের মধ্যে MenC রোগের প্রকোপ দ্রুত কমে গেছে। তবে গত কয়েক বছরে মেনসির ঘটনার সংখ্যা অল্প বৃদ্ধি পেয়েছে। আমরা দেখতে চাই যে এই ব্যাক্টেরিয়ার বিরুদ্ধে পর্যাপ্ত উচ্চ মাত্রার অ্যান্টিবডি আছে এমন জনসমষ্টিতে কম সংখ্যক মানুষ থাকার কারণে এটা ঘটছে কিনা।

## ডিফথেরিয়া কী?

ডিফথেরিয়া হল সহজেই সংবাহিত একটি ব্যাক্টেরিয়াঘটিত অসুস্থতা। ব্যাক্টেরিয়াটি এমন টক্সিন বা বিষাক্ত উপাদান তৈরি করে যার ফলস্বরূপ আকস্মিক জ্বরের সূচনা, গলায় ব্যথা, গ্রন্থিগুলি ফুলে যাওয়া এবং কখনও কখনও ত্বকে ক্ষত হতে পারে। এক সময় এটা শৈশবে মৃত্যুর একটি সাধারণ কারণ ছিল। যে সব দেশে ভাল টিকাকরণ কর্মসূচি আছে তাদের পরিস্থিতির সংখ্যা কমেছে, কিন্তু যে সব দেশে রোগটি সক্রিয় আছে সেখান থেকে নতুন পরিস্থিতি এসে পৌঁছাতে পারে। পূর্ববর্তী বছরগুলির তুলনায় 2018 এই পরিস্থিতির সংখ্যা বৃদ্ধি পেয়েছিল, যদিও যে মানুষরা অসুস্থ হয়েছিলেন তাদেরকে টিকা দেওয়া হয়েছিল এবং তারা এমন কোনো দেশে যান নি যেখানে ডিফথেরিয়া অতি সাধারণ পরিস্থিতি।

## এই অধ্যয়নে কী ঘটে?

আমরা সমগ্র ইংল্যান্ড জুড়ে বিভিন্ন সাইটে 3500 জন পর্যন্ত মানুষকে নিয়োগ করব। ব্যথা বা বেদনা ন্যূনতম করার জন্য অবশ করার ক্রিম বা স্প্রে ব্যবহার করে, এবং, ছোটো বাচ্চাদের জন্য, আপনার সন্তানের মনোযোগ অন্যদিকে নিয়ে যাওয়ার জন্য খেলাধুলাগত সহায়তা করে একবার ভিজিট করে রক্ত নেওয়া হবে। কিছু অংশগ্রহণকারীদের পরপর ভিজিটে বারংবার রক্ত এবং লালার নমুনা দেওয়ার জন্য আমন্ত্রণ করা হবে।

প্রথম ভিজিটে আমরা আপনার সম্পর্কে প্রাথমিক কিছু তথ্য জিজ্ঞাসা করব, যার মধ্যে থাকবে আপনার

- জন্ম তারিখ
- লিঙ্গ
- পোস্ট কোড
- GP-এর তথ্য
- জাতিগত গোষ্ঠী
- জীবনযাপনের পরিস্থিতি
- টিকাকরণের ইতিহাস
- আপনার সন্তানের এবং তার পরিবারের সদস্যদের সাম্প্রতিক শ্বাস-প্রশ্বাসের সংক্রমণ (যেমন কাশি এবং সর্দি) এর ইতিহাস।

আপনি যদি অংশগ্রহণ করার সিদ্ধান্ত নেন, তাহলে স্থানীয় বন্দোবস্তের ওপরে নির্ভর করে আমরা আপনার নিকটবর্তী কোনো স্থানে একটি ক্লিনিকে অথবা আপনার বাড়িতে আপনার ও আপনার শিশুর সঙ্গে দেখা করার ব্যবস্থা করব। আপনার বাড়িতে যদি একাধিক শিশু থাকে, তাহলে মাত্র একজনই অংশ নিতে পারে, যদি না তাদের বয়সের মধ্যে 5 বছরের বেশি পার্থক্য থাকে।

অ্যাপয়েন্টমেন্টে, অধ্যয়ন দলের একজন সদস্য নিম্নলিখিতগুলি করবেন:

- আপনার সঙ্গে অধ্যয়নটির বিষয়ে আলোচনা করা এবং আপনার বা আপনার শিশুর যে কোনো প্রশ্নের উত্তর দেবেন

- আপনি অংশগ্রহণ করতে রাজি হলে, আপনাকে একটি সম্মতি ফর্মে স্বাক্ষর করতে বলবেন
- এই গবেষণামূলক অধ্যয়নের জন্য ভবিষ্যতে আপনি এবং আপনার সন্তান রক্ত এবং লালার নমুনা দিতে ইচ্ছুক কিনা তা জিজ্ঞাসা করবেন।
- উপরে তালিকাভুক্ত প্রাথমিক তথ্য আপনাকে জিজ্ঞাসা করবেন
- আপনার শিশুর চিকিৎসাগত ইতিহাস ও পারিবারিক যোগাযোগ সম্বন্ধে প্রশ্ন জিজ্ঞাসা করবেন
- একটি রক্তের নমুনা নেবেন (পরিমাণটি 2 মাসের কম বয়সীদের জন্য 2মিলি থেকে 15 বছরের বেশি বয়সীদের জন্য 30 মিলি পর্যন্ত, এটি ½ চা চামচের কম থেকে 6 চা চামচের মধ্যে হবে।)

পুরো অ্যাপয়েন্টমেন্টে 45 মিনিট সময় লাগা উচিত।

ক্লিনিকে যে অংশগ্রহণকারীদের দেখা হবে তাদের যাতায়াতের ব্যয়পূরণের জন্য £20 এর একটি ভাউচার দেওয়া হবে।

## কয়েকজন অংশগ্রহনোকারীকে আপনি বারংবার রক্ত এবং লালার নমুনা দিতে বলছেন কেন?

একটি সংক্রমণের বিরুদ্ধে লড়াই করার জন্য আমরা অ্যান্টিবডি তৈরি করি তখন সেগুলি আমাদের রক্ত এবং লালাতে সনাক্ত করা যেতে পারে। কিছু সংক্রমণের পরে এই অ্যান্টিবডিগুলি উচ্চ মাত্রায় দীর্ঘ সময়কালের জন্য থেকে আমাদের সুরক্ষা প্রদান করে। অন্যান্য সংক্রমণগুলির ক্ষেত্রে সেগুলি দ্রুত চলে যায় অর্থাৎ আমাদের সেই সংক্রমণটি আবার হতে পারে। COVID-19 এর ক্ষেত্রে শরীর কীভাবে সাড়া দেয় সে সম্পর্কে অল্পই জানা গেছে বিশেষ করে সামান্য কিছু উপসর্গ যাদের আছে তাদের জন্য, এবং বারংবার রক্ত এবং লালার নমুনা নিলে, আমরা আশা রাখি যে সময়ের সাথে সাথে সাথে অ্যান্টিবডি স্তরের কেমন পরিবর্তন হয় তা আমরা দেখতে পারব। তাই, কয়েকজন অংশগ্রহণকারীর ক্ষেত্রে আমরা 2 থেকে 3 মাসের ব্যবধানে অতিরিক্ত 1 থেকে 3 বার রক্তের নমুনা নিতে চাই সেইসাথে একটি লালা পরীক্ষা যেহেতু সেটি অ্যান্টিবডি পরীক্ষার আরো একটি উপায়। প্রত্যেক ভিজিটে আপনার বা আপনার পরিবারের কোনো পরিচিতের শেষ ভিজিটের পরে COVID-19 এর কোনো উপসর্গ ছিল কিনা তা আমরা জিজ্ঞাসা করব। প্রথম ভিজিটে COVID-19 এর জন্য অ্যান্টিবডি টেস্টিংয়ের পজিটিভ বা নেগেটিভ ফল একটি মিশ্র মানুষদের থেকে আমরা সেই বারংবার নমুনা সংগ্রহ করার কথা বলব। আপনাকে যখন আবার রক্ত/লালার নমুনা দেওয়ার জন্য ডাকা হবে তখন আপনার টেস্টের ফলাফল পজিটিভ বা নেগেটিভ এসেছে কিনা তা বলা হবে না।

অনুগ্রহ করে নোট করবেন যে, আপনি এই পুনরাবৃত্ত নমুনা প্রদান না করেও মূল অধ্যয়নে অংশগ্রহণ করতে পারেন।

## আমার শিশুকে কি এই অধ্যয়নে অংশ নিতেই হবে?

না, এটা গতানুগতিক পরিচর্যার অংশ নয়, গবেষণায় অংশগ্রহণ ঐচ্ছিক। আপনি যদি অংশগ্রহণ না করার সিদ্ধান্ত নেন, তাহলে তা আপনার শিশুর গতানুগতিক পরিচর্যাকে কোনোভাবে প্রভাবিত করে না। আপনি যে কোনো সময় আপনার মন পরিবর্তন করার জন্য স্বাধীন। আপনি যাই বেছে নিন না কেন, আপনার সিদ্ধান্তের ব্যাপারে আপনার খুশি থাকা গুরুত্বপূর্ণ এবং আপনার হয়ে সিদ্ধান্ত নিতে সাহায্য করা অধ্যয়ন দলের ভূমিকা নয়।

## অংশগ্রহণের সম্ভাব্য অসুবিধা ও ঝুঁকিগুলি কী?

রক্ত পরীক্ষার পরে আপনার শিশুর রক্তের নমুনা নেওয়ার স্থানের আশেপাশে অস্থায়ী ব্যথা ও কালশিটে হতে পারে।

## অংশ নেওয়ার সুবিধাদি কী?

এই অধ্যয়নটিতে অংশগ্রহণ করার জন্য কোনো ব্যক্তিগত সুবিধা পাওয়া যাবে না, এবং অংশগ্রহণকারীদের তাদের নিজস্ব ফলাফল দেওয়া হবে না। এই গবেষণা সমীক্ষা থেকে অর্জিত তথ্য আমাদের নোভেল করোনাভাইরাস COVID-19 এর মতো সংক্রমণগুলি সম্বন্ধে জানতে এবং গবেষণা সমীক্ষার জনসমষ্টি কতটা ভালোভাবে মেন সি ও ডিপথেরিয়ার বিরুদ্ধে সুরক্ষিত আছে তা সাহায্য করবে।

## অধ্যয়নে প্রাপ্ত নমুনাগুলির কী হবে?

আপনার সন্তানের দেওয়া নমুনা(নমুনাগুলি) আপনার স্থানীয় সাইটের ল্যাবরেটরিতে প্রক্রিয়াকরণ এবং সংরক্ষণ করা হবে এবং তারপর পাবলিক হেল্থ ইংল্যান্ডের(PHE) ল্যাবরেটরিতে স্থানান্তর করা হবে যেখানে বিশ্লেষণের কাজটি করা হবে। PHE বা অক্সফোর্ড ভ্যাক্সিন গ্রুপ, অক্সফোর্ড ইউনিভার্সিটি যে কোনো অবশিষ্ট নমুনাকে সংরক্ষণ করবে এবং ভবিষ্যতে সংক্রমণ রোগগুলি সম্পর্কিত গবেষণায় এগুলি ব্যবহার করা হতে পারে। নমুনাটি থেকে আপনার সন্তানকে চিহ্নিত করা সম্ভব হবে না, তবে আপনি অধ্যয়নটি থেকে প্রত্যাহার করতে চাইলে সেটি চিহ্নিত করা যেতে পারে। আপনার শিশুর রক্ত থেকে DNA-এর একটি নমুনা নেওয়ার জন্যও আমরা আপনার অনুমতি চাইতে পারি, তবে আপনি তাতে না বলতে পারেন এবং তা সত্ত্বেও গবেষণা সমীক্ষাতে অংশ নিতে পারেন। অধ্যয়নটি থেকে DNA-এর নমুনাগুলিকে অক্সফোর্ড ভ্যাক্সিন গ্রুপ, অক্সফোর্ড ইউনিভার্সিটিতে সংরক্ষণ করা হবে।

## আপনারা আমার সন্তানের DNA অধ্যয়ন করতে চাইবেন কেন?

টিকা এবং সংক্রমণগুলির ক্ষেত্রে আপনার রোগ প্রতিরোধ পদ্ধতি কীভাবে প্রতিক্রিয়া জানাবে তা আপনার সন্তানের স্বতন্ত্র DNA কোড প্রভাবিত করতে পারে। কীভাবে মানুষের DNAর কতটা পার্থক্য তাদের টিকা এবং সংক্রমণগুলিতে রোগ প্রতিরোধের প্রতিক্রিয়াকে প্রভাবিত করে এবং কীভাবে সবথেকে ভালো উপায়ে এই সংক্রমণগুলি প্রতিরোধ করা যায় তার বোধগম্যতা বাড়াতে আমরা গবেষণা করতে চাই।

## এই অধ্যয়নে আমার অংশগ্রহণকে কি গোপনীয় রাখা হবে?

**হ্যাঁ।** আপনার শিশুর থেকে সংগ্রহ করা সব তথ্য ও রক্তের নমুনাকে একটি অধ্যয়ন নম্বর দিয়ে কোড দেওয়া হয় এবং কঠোরভাবে গোপনীয় রাখা হয়।

আপনার বাচ্চার তথ্যকে একটি সুরক্ষিত সার্ভারে সংরক্ষণ করা হবে এবং কাগজের নোটগুলি আপনার স্থানীয় কেন্দ্রে একটি তালাবন্ধ ক্যাবিনেটে রাখা হবে। শুধুমাত্র অনুমোদিত অধ্যয়ন কর্মীরাই আপনার শিশুর তথ্য ও নমুনাগুলি দেখতে পারেন।

আপনার অনুমতি নিয়ে, আমরা শিশু স্বাস্থ্য রেকর্ড, NHS ডেটাবেস বা তার GP-এর থেকে আপনার শিশুর টিকাকরণ ও চিকিৎসাগত ইতিহাস যাচাই করতে পারি।

## আমি আমার শিশুকে দিয়ে অধ্যয়নটি চালিয়ে যেতে না চাইলে কী হবে?

আপনি যে কোনো সময় কোনো কারণ না জানিয়ে, মন পরিবর্তন করতে পারেন এবং অধ্যয়নটি থেকে প্রত্যাহার করতে পারেন। আপনার সন্তান রক্তের নমুনা দেওয়ার পরে আপনার মত পরিবর্তিত হলে আপনি আমাদের

লিখিতভাবে জানাতে পারেন, আমরা তার নমুনাটি সরিয়ে নষ্ট করে দেবো। সেই রক্তের নমুনা নিয়ে আর কোনো বিশ্লেষণ হবে না।

## গবেষণা অধ্যয়নের শেষে কী হবে?

গবেষণাটির ফলাফল একটি বৈজ্ঞানিক চিকিৎসা পত্রিকায় প্রকাশ করা হবে; এর জন্য কয়েক বছর লাগতে পারে। এই গবেষণা সমীক্ষা থেকে সব প্রকাশনাগুলি অক্সফোর্ড ভ্যাক্সিন গ্রুপ (OVG) ওয়েবসাইট www.ovg.ox.ac.uk এ প্রকাশ পাবে এবং আপনি গবেষণা সমীক্ষার কাছ থেকে প্রধান ফলাফলগুলি ব্যাখ্যা করা একটি চিঠি পাবেন। কোনো রিপোর্ট বা প্রকাশনায় আপনার সন্তানের পরিচয় দেওয়া হবে না এবং আমরা ব্যক্তিগত ফলাফল প্রদান করব না। আমরা ভবিষ্যতে যে সব অন্য গবেষণা অধ্যয়নগুলি পরিচালনা করতে পারি সেগুলির বিষয়ে শুনতে আপনি আগ্রহী হলে, আপনি আমাদের যোগাযোগ তালিকায় সাইন আপ করতে পারেন। আপনি কোনো ভবিষ্যৎ গবেষণায় অংশ নিতে বাধ্য নন।

## আমি অংশ নিতে আগ্রহী হলে আমার এখন কী করা উচিত?

আপনার এখনই কোনো সিদ্ধান্ত নেওয়ার প্রয়োজন নেই। আপনি আপনার সন্তানের সাথে অধ্যয়নটিতে অংশগ্রহণ করার সিদ্ধান্ত নিলে, পরবর্তী পদক্ষেপটি হল অনলাইন যোগ্যতা এবং বুকিং প্রক্রিয়া সম্পূর্ণ করতেwww.whatsthestory.org.ukএ যাওয়া। অথবা, আপনি গবেষণা দলটির সঙ্গে যোগাযোগ করতে পারেন, যারা অধ্যয়নটি সম্বন্ধে আপনার সঙ্গে আলোচনা করে খুশি হবেন, আপনার যে কোনো প্রশ্নের উত্তর দেবেন এবং আপনার পরীক্ষা করতে পারেন এবং ফোন বা ইমেলের মাধ্যমে অধ্যয়নের সাক্ষাৎ বুকিং করতে পারেন।

এই নিয়োগটি ধাপে ধাপে হবে, এর কারণ আমরা আপনার অঞ্চলের অংশগ্রহণকারীদের একটি নমুনাকে নিয়োগ করার লক্ষ্য রেখেছি যার মধ্যে একটি সামগ্রিক জনসংখ্যার বৈশিষ্ট্যগুলি পরিলক্ষিত হয়। কমিউনিটি জুড়ে SARS-COV-2 এর অগ্রগতি চিত্রায়িত করতে আমাদের সক্ষম করে তুলতে পরবর্তী কয়েক মাস ধরে আমরা একটি স্থায়ী গতিতে নিয়োগ করারও ইচ্ছা রাখি। সুতরাং আমরা অগ্রগতির সাথে সাথে আমাদের তথ্য যাচাই করব, যাতে আমরা আমাদের লক্ষ্য অর্জন করছি কিনা তা দেখা যায়। এর ফলস্বরূপ আপনার সঙ্গে যোগাযোগ করায় আমাদের একটু বিলম্ব হতে পারে। নিয়োগের পরবর্তী পর্যায়ে আপনার সঙ্গে যোগাযোগ করা হতে পারে অথবা আপনার অঞ্চলে নিয়োগ সম্পূর্ণ হয়েছে এই কথা বলার জন্য আমরা সম্ভাব্যরূপে আপনার সঙ্গে যোগাযোগ করতে পারি। উপরের বর্ণনা অনুযায়ী, চাইল্ড হেল্থ ইনফর্মেশন সার্ভিসেস/ন্যাশনাল হেলথ অ্যাপ্লিকেশন্স ও ইনফ্রাস্ট্রাকচার সার্ভিসেস (NHAIS) আপনাকে ডাকযোগে একটি পোস্টকার্ড দিয়ে স্মরণ করাতে পারে। আমরা যদি এরপরে আপনার থেকে কোনো জবাব না পাই, তাহলে আমরা ধরে নেব যে আপনি অংশ নিতে চান না।

এই অধ্যয়নে অংশগ্রহণ করার কথা বিবেচনা করার জন্য আপনাকে ধন্যবাদ।

## GDPR (সাধারণ তথ্য সুরক্ষা নিয়মাবলী) বিবৃতি

এই অধ্যয়নের উদ্যোক্তা হল অক্সফোর্ড ইউনিভার্সিটি যা যুক্তরাজ্যে অবস্থিত। আমরা এই অধ্যয়ন পরিচালনার জন্য আপনার থেকে নেওয়া তথ্যকে ব্যবহার করব এবং এই অধ্যয়নের জন্য তথ্য নিয়ন্ত্রক হিসেবে কাজ করব। অর্থাৎ আপনার তথ্যের যত্ন নেওয়া এবং এটিকে যথাযথভাবে ব্যবহার করার জন্য আমরা দায়বদ্ধ।

গবেষণা অধ্যয়নের বিষয়ে আপনার সঙ্গে যোগাযোগ করার জন্য আমরা আপনার নাম ও যোগাযোগের বিশদ তথ্য ব্যবহার করব, এবং নিশ্চিত করব যে অধ্যয়নটি সম্বন্ধে প্রাসঙ্গিক তথ্যকে আপনার পরিচর্যার জন্য এবং অধ্যয়নের গুণমানের ওপরে নজরদারির জন্য লিপিবদ্ধ করা হয়েছে। শুধুমাত্র গল্পটা কী? দলের লোকজন যারা আপনাকে চিনবেন তারা হলেন সেই ব্যক্তি যাকে অধ্যয়নটি সম্পন্ন করতে বা ডেটা সংগ্রহের প্রক্রিয়া নিরীক্ষা

করতে আপনার সাথে যোগাযোগ করতে হবে। যে ব্যক্তিবর্গ তথ্যটি বিশ্লেষণ করেন (পাবলিক হেলথ ইংল্যান্ড এবং অক্সফোর্ড ভ্যাক্সিন গ্রুপ) তাদেরই উপরে তালিকাবদ্ধ তথ্যে ('এই অধ্যয়নে কী হবে' বিভাগে) প্রবেশাধিকার থাকবে কিন্তু তারা আপনার নাম বা যোগাযোগের ঠিকানা পাবেন না।

আপনার স্থানীয় কেন্দ্র এই অধ্যয়ন থেকে আপনার বাচ্চার সম্বন্ধে শনাক্তকরণযোগ্য তথ্যকে, অধ্যয়নের সবচেয়ে ছোট অংশগ্রহণকারীর বয়স 18 বছর না হওয়া পর্যন্ত, কমপক্ষে 3 বছরের জন্য রেখে দেবে। আমরা নামবিহীন গবেষণার তথ্য অনির্দিষ্টকালের জন্য মজুত রাখব।

আপনার তথ্য অ্যাক্সেস, পরিবর্তন বা সরানোর অধিকার সীমিত, যেহেতু গবেষণাটিকে নির্ভরযোগ্য ও নির্ভুল করার জন্য আমাদেরকে সুনির্দিষ্ট উপায়ে আপনার তথ্যকে ব্যবস্থাপনা করতে হয়। আপনি অধ্যয়ন থেকে প্রত্যাহার করলে, আমরা ইতিমধ্যে আপনার সম্বন্ধে যে তথ্য পেয়েছি তা রেখে দেবো। আপনার অধিকারগুলিকে সুরক্ষিত রাখার জন্য আমরা ব্যক্তিগতভাবে যথাসম্ভব ন্যূনতম সনাক্তকরণযোগ্য তথ্য ব্যবহার করব।

অধ্যয়নটি সম্পূর্ণ হয়ে যাওয়ার পরে সমস্ত নথি আপনার স্থানীয় কেন্দ্র একটি নিরাপদ স্থানে আর্কাইভ করবে। যদি আর সংরক্ষণ করার প্রয়োজন না থাকে, তাহলে ফাইলগুলিকে গোপনভাবে বিনষ্ট করা হবে।

আপনার স্থানীয় মুখ্য পর্যবেক্ষক, বা তার অধস্তনের ওপর আপনার ডেটার সুরক্ষার দায়িত্ব থাকবে। আপনার ব্যক্তিগত তথ্যের প্রসঙ্গে আপনার অধিকারগুলি সম্বন্ধে আরো তথ্য উপলব্ধ আছে এখানে:

http://www.admin.ox.ac.uk/councilsec/compliance/gdpr/individualrights/

## আমি অভিযোগ করতে চাইলে কী হবে?

আপনাকে যেভাবে যোগাযোগ করা হয়েছে অথবা এই অধ্যয়ন চলাকালীন যেভাবে আচরণ করা হয়েছে তার যে কোনো বিষয়ে আপনি অভিযোগ করতে চাইলে আপনার যোগাযোগ করা উচিত:

01865 611400 নম্বরে অক্সফোর্ড ভ্যাক্সিন গ্রুপ বা info@ovg.ox.ac.uk তে ইমেল করুন। আপনি 01865 616480 নম্বরে অক্সফোর্ড ইউনিভার্সিটির ক্লিনিকাল ট্রায়াল্স অ্যান্ড রিসার্চ গভর্নেন্স (CTRG)-এর সঙ্গেও যোগাযোগ করতে পারেন অথবা CTRG-কে ctrg@admin.ox.ac.uk এ ইমেল করতে পারেন। আপনি ভবিষ্যতে এই ধরনের আমন্ত্রণ পেতে না চাইলে, অনুগ্রহ করে http://trials.ovg.ox.ac.uk/trials/opt-outএ অক্সফোর্ড ভ্যাক্সিন গ্রুপ অপ্ট-আউট তালিকায় আপনার সন্তানকে নিবন্ধীত করুন।

অথবা

আপনি যদি না চান যে, কোনো স্বাস্থ্য সম্পর্কিত গবেষণায় সহায়তার উদ্দেশ্যে NHS আপনার শিশুর তথ্য ব্যবহার করুক, তাহলে আপনার পছন্দ নির্বাচন করতে অনুগ্রহ করে https://www.nhs.uk/your-nhs-data-matters/manage-your-choice দেখুন।

এই অধ্যয়নে অংশগ্রহণের প্রত্যক্ষ পরিণামস্বরূপ আপনার শিশুর কোনো ক্ষতি হওয়ার মতো অসম্ভব ঘটনার ক্ষেত্রে, উদ্যোক্তা হিসেবে অক্সফোর্ড ইউনিভার্সিটির যথোপযুক্ত বিমা করানো আছে। অনুরূপভাবে, যে সব স্থানগুলিতে অধ্যয়নটি পরিচালনা করা হবে সেখানেও যথোপযুক্ত বিমা থাকবে; প্রয়োজন অনুযায়ী আরো তথ্য প্রদান করা যায়।

## আমার এখন আর কী জানা প্রয়োজন?

রিসার্চ এথিক্স কমিটি নামে পরিচিত, মানুষদের একটি স্বাধীন গোষ্ঠী অংশগ্রহণকারীদের স্বার্থকে রক্ষা করার জন্য NHS-এ সব গবেষণার ওপরে নজর রাখে। লন্ডন- সারে রিসার্চ এথিক্স কমিটি এই গবেষণা সমীক্ষাটি পর্যালোচনা করেছে এবং তার অনুকূলে মতামত দিয়েছে।

আন্তরিকতা সহ,

গল্পটা কী? অধ্যয়ন দল